দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 15 MAY 2016 ...
পৃষ্ঠা ... কলাম ... ......

# নবীনগরের শ্রেষ্ঠ শিক্ষক-প্রতিষ্ঠান নির্বাচিত

■ নবীনগর (ব্রাহ্মণবাড়িয়া) সংবাদদাতা

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেষ্ঠ শিক্ষক, শিক্ষার্থী, শ্রেণি শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতির প্রতিযোগিতায় যারা নির্বাচিত হয়েছেন তাদের নামের তালিকা প্রকাশ করা হয়েছে। গতকাল শুক্রবার মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মোকারম হোসেন এক প্রেসব্রিফিংয়ে তালিকাটি প্রকাশ করেন। শ্রেষ্ঠ প্রতিষ্ঠান—শিবপুর ইউনিয়ন উচ্চ বিদ্যালয় (মাধ্যমিক), সুফিয়াবাদ শাহ্ সুফি সাইয়্যেদ আজমত উল্লাহ (রাঃ) আলিয়া মাদ্রাসা (মাদ্রাসা), সলিমগঞ্জ ডিগ্রী কলেজ (কলেজ) ও তোফায়েল আলী করিগরি স্কুল এন্ড কলেজ (ভোকেশনাল)। শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান—মোসাম্মৎ কাউছার বেগম (মাধ্যমিক), মোঃ এনামুল হক কুতুবী (মাদ্রাসা), মোহাম্মদ ইউনুছ (কলেজ), মোঃ হারুনুর রশিদ শাহ ফকির (ভোকেশনাল)। শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক মো. ইমতিয়াজ মাহমুদ বেগ (মাধ্যমিক), মোহাম্মদ আব্দুল আউয়াল (মাদ্রাসা), মো. সাইফুল ইসলাম (ভোকেশনাল), মোছাম্মৎ খোরশেদা আক্তার (কলেজ)। শ্রেষ্ঠ শিক্ষার্থী—মোঃ হাবিবুর রহমান (মাধ্যমিক), মাইন উদ্দিন (মাদ্রাসা), প্রমা ভৌমিক (কলেজ )।